



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান শিক্ষকের কার্যালয়

নেত্রকোণা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, নেত্রকোণা।

ফোন : ০২৯৯৬৬৫১৬৪৮, মোবাইল : ০১৭২১২৬০২০৯, ই-মেইলঃ netragov.girlshschool@ymail.com

EIIN: 113138, Website: www.netrokonagghs.edu.bd

স্মারক নং : নেসবাউবি/নেত্র/২০২৪/৪৩০

তারিখ : ১০/১২/২০২৪খ্রি.


নিলাম বিজ্ঞপ্তি

নেত্রকোণা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, নেত্রকোণা এর নতুন ভবন নির্মাণের প্রস্তাবিত স্থান থেকে ০২ (দুই) টি রেইনট্রি গাছ নিলামপূর্বক কর্তনের নিমিত্তে নিম্নলিখিত শর্তসাপেক্ষে ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট থেকে সিলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

কাজের নাম	কাজের অবস্থান	কার্য সম্পাদনের সময়সীমা
নতুন ভবন নির্মাণের প্রস্তাবিত স্থান থেকে ০২ (দুই) টি রেইনট্রি গাছ কর্তন	নেত্রকোণা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, নেত্রকোণা	৭ (সাত) দিন

শর্তসমূহ :

- উক্ত ০২ (দুই) টি রেইনট্রি গাছের বনবিভাগ কর্তৃক নির্ধারিত সর্বনিম্নমূল্য ৬৪,৩৫৮.৮০ (চৌষষ্টি হাজার তিনশত আটান্ন টাকা আশি পয়সা) টাকা।
- নেত্রকোণা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, নেত্রকোণা ক্যাম্পাসে বর্ণিত ০২ (দুই) টি রেইনট্রি গাছ সরেজমিনে পরিদর্শনপূর্বক ঠিকাদার/ফার্ম কর্তৃপক্ষ নির্ধারিত মূল্য ও দরপত্র জন্মের স্থান থেকে (এক হাজার টাকা, অফেরতযোগ্য) দরপত্র জন্ম করবেন। জন্মকৃত দরপত্রের সাথে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা জামানত (ফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার করে (প্রধান শিক্ষক, নেত্রকোণা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, নেত্রকোণার অনুকূলে) দরদাতা প্রতিষ্ঠানের আয়কর সনদ, ট্রেড লাইসেন্স, ভ্যাট সনদ ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র লেটার প্যাডের আবেদনপত্রের সাথে যুক্ত করে সিলগালা অবস্থায় দাখিল করতে হবে।
- দরপত্র বিক্রয়ের তারিখ, স্থান ও সময়ঃ ১৮/১২/২০২৪ হতে ৩১/১২/২০২৪ খ্রি. পর্যন্ত অফিস চলাকালীন (সকাল ১০:০০টা থেকে বিকাল ০৩:০০ টা)।
- দরপত্র জমা দেওয়ার তারিখ, স্থান ও সময়ঃ ০১/০১/২০২৫ খ্রি. বিদ্যালয় অফিস, সকাল ১০:০০ টা থেকে দুপুর ১২:০০ টা পর্যন্ত।
- দরপত্র খোলার তারিখ, স্থান ও সময়ঃ ০১/০১/২০২৫ খ্রি., প্রধান শিক্ষকের কার্যালয়, দুপুর ১২:৩০ টায় (দরপত্র-দাতারা উপস্থিত থাকতে পারবেন)।
- নিলাম কমিটি কর্তৃক সর্বোচ্চ দর-দাতাকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে গাছ কর্তনের কার্যাদেশ প্রদান করা হবে। কার্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে নির্ধারিত মূল্যের সঙ্গে ১৫% হারে ভ্যাট, ১০% হারে অগ্রিম আয়কর এবং সরকারি বিধি মোতাবেক অন্যান্য কর (ধর্যোজ্য ক্ষেত্রে) জমা দিয়ে নির্দেশিত সময়ের মধ্যে যাবতীয় গাছ অপসারণ করতে হবে।
- কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদার/ফার্মকে ৭ (সাত) দিনের মধ্যে গাছের যাবতীয় ডাল-পালা অপসারণ করতে হবে। অন্যথায় কার্যাদেশ বাতিল বলে গণ্য হবে।
- বর্ণিত গাছসমূহ কর্তনের সময় বিদ্যালয়ের নিকটবর্তী স্থাপনা বা কোন জিনিসপত্রের ক্ষতি সাধন করা যাবে না। কর্তনের সময় যদি কোন ব্যক্তি বা স্থাপনার ক্ষতিসাধন হয় সেই দায়-দায়িত্ব ঠিকাদার/ফার্মের কর্তৃপক্ষকেই বহন করতে হবে।
- নিলাম কমিটি কর্তৃক অনুমোদিত ঠিকাদার/ফার্মকে নির্ধারিত সময়ে নিলাম মূল্য জমা দিতে হবে অন্যথায় জামানত অর্থ বাজেয়াপ্ত ও প্রাথমিক অনুমোদন বাতিল হবে।
- অন্যান্য শর্তাবলি দরপত্র ফরমে উল্লেখিত আছে। নিলাম কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিলাম কার্যক্রম স্থগিত/বাতিল করতে পারবেন।



(স্বপ্না রানী সরকার)

প্রধান শিক্ষক

নেত্রকোণা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়

নেত্রকোণা

ও

সদস্য সচিব, নিলাম কমিটি

স্বপ্না রানী সরকার
প্রধান শিক্ষক
নেত্রকোণা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়
নেত্রকোণা।